



বেঙ্গল ইঞ্জিনিয়ারিং এ্যান্ড সায়েন্স ইউনিভার্সিটি, শিবপুর

পোস্ট অফিস - বোটানিক গার্ডেন, শিবপুর, হাওড়া - ৭১১ ১০৩

দূরাভাষ : ২৬৬৮-৪৫৬১, ফ্যাক্স : ২৬৬৮-২৯১৬

দপ্তর আদেশ ; ক্রম নং:

Rms-1/456.

০১/০৮/২০১২

মাননীয় মহাশয়/মহাশয়া/প্রিয় ছাত্র-ছাত্রী,

আগামী ২২শে শ্রাবণ, ১৪১৯ (৭ই আগস্ট, মঙ্গলবার ২০১২) বেঙ্গল ইঞ্জিনিয়ারিং এ্যান্ড সায়েন্স ইউনিভার্সিটি কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের ৭১ তম প্রয়াণ দিবসে কবির প্রতি শ্রদ্ধা নিবেদন করতে চলেছে। ওই দিন বিকাল ৫ ঘটিকায় কবির পূর্ণাবয়ব মূর্তিতে মালাদান করবেন উপাচার্য অধ্যাপক অজয় কুমার রায় মহাশয়। বিকাল ৫-৩০ ঘটিকায় ইন্সটিটিউট হলে একটি সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হবে। বেসুর সকল ছাত্র-ছাত্রী, অধ্যাপক, আধিকারিক ও শিক্ষাকর্মীদের কাছে আন্তরিক ভাবে আবেদন জানানো হচ্ছে যে অনুষ্ঠানে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তির অবশ্যই আগামী ৩রা আগস্ট, শুক্রবার বেলা ১২টার মধ্যে অধ্যাপিকা অপর্ণা দে ঘোষ (সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগ)- এর সঙ্গে যোগাযোগ করবেন।

ঐ দিন বৈকালিক মালাদান ও সাক্ষা অনুষ্ঠানে ইন্সটিটিউট হলে উপস্থিত থেকে অনুষ্ঠানটি সাফল্যমন্ডিত করার জন্য আপনাকে/আমাদের সাদর আমন্ত্রণ জানাই।

ধন্যবাদান্তে,

(ড: বিমান বন্দ্যোপাধ্যায়)

নিবন্ধক,

বেঙ্গল ইঞ্জিনিয়ারিং এ্যান্ড সায়েন্স ইউনিভার্সিটি, শিবপুর

প্রতিলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থার জন্য প্রেরিত হল:

১. সকল বিভাগীয় প্রধান
২. সকল অধ্যাপকবৃন্দ (বিভাগীয় প্রধানের মাধ্যমে)
৩. সকল ছাত্রাবাস অধীক্ষক
৩. সকল আধিকারিকবৃন্দ
৪. সকল শিক্ষাকর্মী বৃন্দ (বিভাগীয় প্রধান ও আধিকারিকের মাধ্যমে)
৫. সমস্ত বিজ্ঞপ্তি ফলক
৬. উপাচার্যের নির্বাহী সচিব

শ্রী বিমান বন্দ্যোপাধ্যায়
(ড: বিমান বন্দ্যোপাধ্যায়) ২/০৮/২০১২
নিবন্ধক